যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৩৪

১/ বিবিধ

আরবী

وقع في نفس موسى: هل ينام الله تعالى ذكره؟ فأرسل الله إليه ملكا، فأرقه ثلاثا، ثم أعطاه قارورتين، في كل يد قارورة، وأمره أن يحتفظ بهما، قال: فجعل ينام، وتكاد يداه تلتقيان، ثم يستيقظ فيحبس إحداهما عن الأخرى، ثم نام نومة فاصطفقت يداه، وانكسرت القارورتان، قال: ضرب الله مثلا أن الله لوكان ينام لم تستمسك السموات والأرض

منكر

أخرجه ابن جرير في " تفسيره " (رقم 5780 ج5) : حدثنا إسحاق بن أبي إسرائيل قال: حدثنا هشام بن يوسف عن أمية بن شبل عن الحكم بن أبان عن عكرمة عن أبي هريرة قال: سمعت رسول الله صلى الله عليه وسلم يحكي عن موسى صلى الله عليه وسلم على المنبر قال: فذكره

وأخرجه ابن عساكر في " تاريخ دمشق " (17/190/2) عن إسحاق به، ثم قال تابعه يحيى بن معين عن هشام، ورواه معمر عن الحكم فجعله من قول عكرمة

قلت: ثم ساقه هو وابن جرير (5779) من طريق عبد الرزاق قال: أخبرنا معمر قال: أخبرني الحكم بن أبان عن عكرمة مولى ابن عباس في قوله: " لا تأخذه سنة ولا نوم " أن موسى سأل الملائكة: هل ينام الله؟ فأوحى الله إلى الملائكة وأمرهم أن يؤرقوه ثلاثا.. الحديث مثله

قلت: وآفة هذا الحديث عندي الحكم بن أبان هذا، وهو العدني فإنه وإن كان وثقه

جماعة كابن معين وغيره، فقد قال ابن المبارك: ارم به، وذكره ابن حبان في " الثقات " وقال
ربما أخطأ، وقال الحافظ في " التقريب
صدوق عابد وله أوهام
قلت: فالظاهر من مجموع كلام الأئمة فيه ما أشار إليه الحافظ: أنه كان ثقة في نفسه، ولكنه كان يخطىء أحيانا بسبب شيء في حفظه، ولعله أتي من كثرة عبادته وغلوه فيها، كما هو المعهود في أمثاله من الصالحين! فقد روى ابن أبي حاتم (1/2/113) بسند صحيح عن ابن عيينة قال: قدم علينا يوسف بن يعقوب قاض كان لأهل اليمن وكان يذكر منه صلاح (1) فسألته عن الحكم بن أبان فقال: ذاك سيد أهل اليمن، كان يصلي من الليل، فإذا غلبته عيناه نزل إلى البحر، فقام في الماء يسبح مع دواب البحر
قلت: فمثل هذه العبادة والغلوفيها حري بصاحبها أن لا يظل محتفظا بذاكرته التي متعه الله بها والاستفادة منها بضبط الحديث وحفظه
وإن اضطرابه في هذا الحديث لمن أقوى الأدلة على عدم ضبطه لحديثه، فهو تارة يرويه عن عكرمة عن أبي هريرة مرفوعا، وتارة عن عكرمة من قوله لا يتعداه، وهذا هو اللائق بمثل هذا الحديث أن يكون موقوفا على عكرمة وهو تلقاه من بعض أهل الكتاب، فهو من الإسرائيليات التي لا يجب علينا التصديق بها، بل هو مما يجب الجهر بتكذيبه وبيان بطلانه، كيف لا؛ وفيه أن موسى كليم الله يجهل تنزه الله تبارك وتعالى عن السهو والنوم فيتساءل في نفسه: هل ينام الله؟ ؟
وهل هذا إلا كما لوقال قائل: هل يأكل الله تبارك وتعالى؟ هل كذا، هل كذا، وغير ذلك مما لا يخفى بطلانه على أقل مسلم! ولهذا صرح بضعف هذا الحديث غير واحد من العلماء، فقال القرطبي في " تفسيره " (1/273)
ولا يصح هذا الحديث، ضعفه غير واحد، منهم البيهقي
وقال الذهبي في ترجمة أمية بن شبل
يماني، له حديث منكر، رواه عن الحكم بن أبان بن عكرمة عن أبي هريرة مرفوعا قال:

وقع ... الحديث، رواه عنه هشام بن يوسف وخالفه معمر عن الحكم عن عكرمة قوله، وهو أقرب، ولا يسوغ أن يكون هذا وقع في نفس موسى عليه السلام، وإنما روي أن بني إسرائيل سألوا موسى عليه السلام عن ذلك
وأقره الحافظ في " اللسان
وقال الحافظ ابن كثير بعد أن ساق رواية معمر الموقوفة على عكرمة (1/308)
وهو من أخبار بني إسرائيل، وهو مما يعلم أن موسى لا يخفى عليه مثل هذا من أمر الله عز وجل، وأنه منزه عنه، وأغرب من هذا كله الحديث الذي رواه ابن جرير:
حدثنا إسحاق بن أبي إسرائيل، قلت: فساقه مرفوعا كما تقدم، ثم قال
وهذا حديث غريب جدا، والأظهر أنه إسرائيلي لا مرفوع، والله أعلم

ثم ذكر من رواية ابن أبي حاتم بسنده عن جعفر بن أبي المغيرة عن سعيد بن جبير عن ابن عباس: " أن بني إسرائيل قالوا: يا موسى هل ينام ربك؟ قال: اتقوا الله، فناداه الله عز وجل: يا موسى سألوك هل ينام ربك، فخذ زجاجتين في يديك فقم الليل، ففعل موسى فلما ذهب من الليل ثلث نعس، فوقع لركبتيه، ثم انتعش فضبطهما حتى إذا كان آخر الليل نعس فسقطت الزجاجتان فانكسرتا، فقال: يا موسى لوكنت أنام لسقطت السموات والأرض فهلكت كما هلكت الزجاجتان في يديك، فأنزل الله عز وجل على نبيه صلى الله عليه وسلم آية الكرسي
قلت: وهذا هو الأشبه بهذه القصة أن تكون من سؤال بني إسرائيل لموسى، لا من سؤال موسى لربه تبارك وتعالى، ومثل هذا ليس غريبا من قوم قالوا لموسى " أرنا الله جهرة "! على أن في سنده جعفر بن أبي المغيرة، وثقه أحمد وابن حبان، لكن قال ابن منده
ليس بالقوي في سعيد بن جبير، والله أعلم

বাংলা

১০৩৪। মূসা (আঃ)-এর হৃদয়ে প্রশ্ন জাগ্রত হলো আল্লাহ তা'আলা (তার স্মরণ শক্তি) কি ঘুমায়? আল্লাহ তা'আলা তার নিকট এক ফেরেশতাকে প্রেরণ করলেন। তাকে তিন দিন নিদ্রাহীন করে দিলেন। তার প্রত্যেক হাতে একটি করে বোতল দিয়ে সে দু'টোকে হেফাযাত করার নির্দেশ দিলেন। বললেনঃ তিনি ঘুমানো শুরু করলেন। তার দু'হাত মিলে যাওয়ার নিকটবর্তী হলে তিনি জাগ্রত হয়ে দু'হাতের একটিকে অন্যটি হতে লেগে যাওয়া থেকে রক্ষা করলেন। অতঃপর অল্প ঘুমালেন তখন তার দু'হাত কেঁপে উঠল আর বোতল দু'টো ভেঙ্গে গেল। বললেনঃ আল্লাহ তা'আলা তার জন্য এ মর্মে একটি উদাহরণ দিয়েছেন যে, যদি আল্লাহ ঘুমাতেন তাহলে আসমান ও যমীন নিজেদেরকে ধরে রাখতে পারত না।

হাদীসটি মুনকার।

এটিকে ইবনু জারীর তার "তাফসীর" গ্রন্থে (নং ৫৭৮০ খণ্ড ৫) ইসহাক ইবনু আবী ইসরাঈল হতে, তিনি হিশাম ইবনু ইউসুফ হতে তিনি উমাইয়াহ ইবনু শিবল হতে, তিনি হাকাম ইবনু আবান হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি আবূ হুরায়রা (রাঃ) হতে, তিনি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মিম্বারের উপর মূসা এর উদ্ধৃতিতে ঘটনা বর্ণনা করতে শুনেছেন।

ইবনু আসাকির "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১৭/১৯০/২) ইসহাক হতে বর্ণনা করে বলেছেনঃ ইয়াহইয়া ইবনু মাঈন হিশাম হতে তার মুতাবায়াত করেছেন। মা'মার হাকাম হতে বর্ণনা করে হাদীসটিকে ইকরিমার ভাষ্য হিসেবে চিহ্নিত করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সমস্যা হচ্ছে এই হাকাম ইবনু আবান তিনি হচ্ছেন আল-আদানী। তাকে যদিও একদল নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন (যাদের মধ্যে ইবনু মাঈন প্রমুখ রয়েছেন)। ইবনুল মুবারাক বলেনঃ তাকে নিক্ষেপ কর। ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করে বলেছেনঃ কখনও কখনও ভুল করতেন। হাফিয "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী আবেদ, তার বহু সন্দেহ প্রবণ বর্ণনা রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ সকল ইমামদের কথাগুলো একত্রিত করলে হাফিয যেদিকে ইঙ্গিত করেছেন সেটিই স্পষ্ট হচ্ছে। তিনি বলেছেনঃ তিনি নিজে নির্ভরযোগ্য ছিলেন। কিন্তু হেফযে ত্রুটি থাকার কারণে কখনও কখনও ভুল করতেন। তা সম্ভবত বেশী বেশী ইবাদাত করা ও এবাদাতের ক্ষেত্রে অতিরঞ্জিত করার কারণে। যেমনটি তার ন্যায় নেককারদের মাঝে ঘটেছে! ইবনু আবী হাতিম (১/২/১১৩) ইবনু ওয়াইনাহ হতে সহীহ সনদে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ ইউসুফ ইবনু ইয়াকুব (যিনি ইয়ামানের কাযী ছিলেন ইয়ামানবাসীরা তার সম্পর্কে ভাল কথাই উল্লেখ করতেন) আমাদের নিকট আসলেন। আমি তাকে হাকাম ইবনু আবান সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেনঃ তিনি ইয়ামানীদের সর্দার। তিনি রাতে সালাত আদায় করতেন। যখন তার দু'চোখে ঘুম এসে যেত তখন সমুদ্রে নেমে যেতেন। তিনি পানিতে সামুদ্রিক জন্তুর সাথে সাতার কাটতেন।

আমি (আলবানী) বলছিঃ এ ধরনের এবাদাত ও তাতে বাড়াবাড়িকারীর স্মৃতিশক্তি নিরাপদ না থাকাই হচ্ছে তার জন্য উপযোগী, যা তাকে আল্লাহ তা'আলা দান করেছেন এবং যার দ্বারা হাদীস আয়ত্ব করা ও হেফয করার দ্বারা উপকৃত হওয়া যায়।

তার থেকে হাদীসের মধ্যে ইযতিরাব সংঘটিত হওয়াটাও একটি বড় ধরনের দলীল যে, তিনি হাদীস আয়ত্ব করতেন না। তিনি একবার ইকরিমাহ হতে, তিনি আবু হুরাইরাহ হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। আরেকবার ইকরিমার ভাষ্য হিসেবেই উল্লেখ করেছেন। ইকরিমার ভাষ্য হওয়া এরূপ হাদীসের জন্য উপযোগী। তিনি তা কোন কিতাবধারী ব্যক্তি থেকে গ্রহণ করেছেন। এটি ইসরাঈলী বর্ণনা যা বিশ্বাস করা আমাদের উপর ওয়াজিব নয়। বরং মিথ্যা হিসেবে তাকে প্রকাশ ও বর্ণনা করাই ওয়াজিব। কিভাবে তা নয়? যাতে আল্লাহ যে ত্রুটি ও ঘুম হতে পবিত্র সে মর্মে মূসা (আঃ)-এর অজ্ঞতা ফুটে উঠছে। যার কারণে তিনি প্রশ্ন করছেনঃ আল্লাহ কি ঘুমায়? কথাটি এমনই যেমন কেউ বললঃ আল্লাহ কি খায়? এরূপ কথা যে বাতিল তা মুসলিমদের নিকট অজানা থাকার কথা নয়। এ কারণে একাধিক আলেম হাদীসটিকে দুর্বল হিসেবে আখ্যা দিয়েছেন। কুরতুবী “তাফসীর” গ্রন্থে (১/২৭৩) বলেনঃ এ হাদীসটি সহীহ নয়। একাধিক ব্যক্তি তাকে দুর্বল হিসেবে আখ্যা দিয়েছেন। যাদের মধ্যে বাইহাকী রয়েছেন। যাহাবী বর্ণনাকারী উমাইয়াহ ইবনু শিবল সম্পর্কে বলেনঃ তিনি ইয়ামানী, তার হাদীস মুনকার। মূসা (আঃ) নিজে এরূপ প্রশ্ন করেননি। বরং বানু ইসরাঈলরা মূসা (আঃ)-কে এমন প্রশ্ন করেছিলেন। হাফিয ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে তার মতকে সমর্থন করেছেন। ইবনু কাসীর হাদীসটি সম্পর্কে (১/৩০৮) বলেনঃ এ হাদীসটি খুবই গারীব। বাহ্যিকতা প্রমাণ করছে যে, এটি ইসরাঈলী বর্ণনা, মারফু নয়।

ইবনু কাছীর ইবনু আবী হাতিমের বর্ণনা হতে জা’ফর ইবনু আবিল মুগীরাহ সূত্রে ইবনু আব্বাস (রাঃ) হতে উল্লেখ করেছেনঃ বানু ইসরাঈলরাই বলেছিলঃ হে মূসা তোমার প্রভু কি ঘুমায়? তিনি উত্তরে বলেনঃ তোমরা আল্লাহকে ভয় কর।

এটিই বেশী সামঞ্জস্যপূর্ণ।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71913

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন